অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/27/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল প্রস্তুতি এবং সন্ত্রাসবিরোধী প্রচেষ্টায় 251 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ফেডারেল তহবিলের কথা ঘোষণা করেছেন

তহবিল স্টেটজুড়ে সম্প্রদায়গুলিতে মানবসৃষ্ট এবং প্রাকৃতিক দুর্যোগ এবং জরুরি পরিস্থিতি ঠেকানো, সাড়া প্রদান এবং তা থেকে পুনরুদ্ধার করতে সহায়তা করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক জুড়ে সন্ত্রাসবিরোধী প্রচেষ্টা এবং জরুরি পরিস্থিতি মোকাবেলার প্রস্তুতির সমর্থনে 251 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ফেডারেল তহবিলের কথা ঘোষণা করেছেন। তহবিলটি ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (Federal Emergency Management Agency, FEMA) কর্তৃক, 2021 অর্থবছরের হোমল্যান্ড নিরাপত্তা অনুদান কর্মসূচি (Homeland Security Grant Program, HSGP) এর মাধ্যমে প্রদান করা হয়েছে যা পরিকল্পনা, সংগঠন, সরঞ্জাম, প্রশিক্ষণ এবং অনুশীলন কার্যক্রম ইত্যাদি সহ আঞ্চলিক স্বরাষ্ট্র নিরাপত্তা প্রস্তুতি প্রচেষ্টার জন্য সমর্থন প্রদান করে, যা সম্প্রদায়ের প্রতিরোধ, সুরক্ষা, সাড়া দান এবং পুনরুদ্ধার ক্ষমতা বজায় রাখা এবং উন্নত করার জন্য জরুরি। দ্য নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (New York State Division of Homeland Security and Emergency Services) স্থানীয় স্টেকহোল্ডারদের সাথে ঘনিষ্ঠ সমন্বয়ে এই প্রোগ্রাম পরিচালনা করে।

"নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখা আমাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ দায়িত্ব, এবং এই তহবিল এলাকা এবং প্রতিষ্ঠানগুলিকে প্রাকৃতিক দুর্যোগের হুমকি থেকে সন্ত্রাসবাদের হুমকি পর্যন্ত বিভিন্ন হুমকি মোকাবেলার জন্য প্রস্তুত হতে সহায়তা করবে," **গভর্নর হোকল বলেন।** "আমি বাইডেন প্রশাসন এবং কংরেসে আমাদের অংশীদারদেরকে এই গুরুত্বপূর্ণ বিনিয়োগ বাস্তবায়ন করতে আমাদের সাহায্য করার জন্য ধন্যবাদ জানাই, যে বিনিয়োগ আমাদের জলবায়ু পরিবর্তন এবং পাশাপাশি ঘৃণিত ঘৃণা-ভিত্তিক সহিংসতার প্রভাব থেকে রক্ষা করতে সহায়তা করবে তার উত্থান আমরা দেশ জুড়ে দেখতে পাচ্ছি।"

কংগ্রেসম্যান আদ্রিয়ানো এসপিয়াত (NY-13) বলেন, "6 জানুয়ারি অভ্যুত্থান এবং নিউ ইয়র্ক সিটির রাস্তায় রাস্তায় টার্গেটকৃত আক্রমণ এবং ঘৃণা-অপরাশ আমাদের শিখিয়েছে যে আমরা কোন কিছুই নিশ্চিত বলে ধরে নিতে পারি না - বিশেষ করে আমাদের সম্প্রদায়ের এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানগুলির নিরাপত্তার ব্যাপারে। আমি গভর্নর হোকলকে এই ফেডারেল তহবিল প্রাপ্তির আজকের ঘোষণার জন্য সাধুবাদ জানাই, যা নিশ্চিত করতে আমি সাহায্য করেছি যা মহান নিউ ইয়র্ক স্টেটজুড়ে সন্ত্রাসবিরোধী এবং জরুরি প্রস্তুতি প্রচেষ্টাকে আরও সমর্থন করবে।

ভবিষ্যতের আক্রমণগুলি প্রতিহত এবং পরাহত করতে প্রস্তুতি নিশ্চিত করতে আমাদের সবাইকে এক সাথে কাজ করতে হবে - এবং এই তহবিল নিশ্চিত করবে যে আমাদের স্টেট যেকোনো সংকটের বিরুদ্ধে প্রস্তুতি, প্রতিক্রিয়া এবং তা থেকে পুনরুদ্ধার করতে পারবে এবং আমাদের সম্প্রদায়গুলিকে নিরাপদ রাখতে পারবে।"

স্টেট ডিভিসন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (State Division of Homeland Security and Emergency Services, DHSES) এর এক্সিকিউটিভ ডেপুটি কমিশনার টেরেন্স জে. ওলিরি বলেন, "এই তহবিলগুলি কাউন্টি এবং শহরগুলিকে দেশীয় এবং আন্তর্জাতিক হুমকির বিরুদ্ধে তাদের সন্ত্রাসবিরোধী প্রচেষ্টা জোরদার করতে সহায়তা করবে, পাশাপাশি উত্তর সীমান্ত বরাবর আমাদের নিরাপত্তা বৃদ্ধি করবে। ডিভিশন আমাদের স্থানীয় অংশীদারদের তাদের জরুরি অবস্থার প্রস্তুতি জোরদার করতে সহায়তা করতে এবং নিউ ইয়র্কবাসীদের সন্ত্রাসবাদের বিরুদ্ধে প্রতিরক্ষা করতে অঙ্গীকারবদ্ধ।"

নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন অফ কাউন্টিজের (New York State Association of Counties, NYSAC) নির্বাহী পরিচালক, স্টিফেন জে. আকুয়ারিও বলেন, "প্রাকৃতিক দুর্যোগ, বৈশ্বিক স্বাস্থ্য মহামারী বা সন্ত্রাসবাদ যাই হোক না কেন, কাউন্টিগুলি যেকোনো জরুরি পরিস্থিতিতে সামনে থেকে নেতৃত্ব দেয়, আমাদের নাগরিকদের রক্ষায় সাড়া দান সংগঠন এবং সম্পদ প্রদানের মাধ্যমে। নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখার চাবিকাঠি হল প্রস্তুতি এবং আমরা স্থানীয় সরকারকে পরবর্তী জরুরি পরিস্থিতি মোকাবেলার জন্য প্রস্তুত হওয়া নিশ্চিত করার জন্য, যাতে কাউন্টির নেতারা কার্যকরভাবে সাড়া দেওয়ার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম এবং প্রশিক্ষণ সহ প্রস্তুত থাকে, সে জন্য প্রয়োজনীয় সম্পদ প্রদান করার জন্য গভর্নর হোকলকে সাধুবাদ জানাই।"

FEMA এর হোমল্যান্ড নিরাপত্তা অনুদান কর্মসূচি তিনটি ভিন্ন ঝুঁকি-ভিত্তিক অনুদান নিয়ে গঠিত যার উদ্দেশ্য স্টেট, স্থানীয় এবং উপজাতীয় পর্যায়ে সন্ত্রাসবাদ প্রতিরোধ, প্রস্তুতি, প্রতিরক্ষা এবং সাড়া দানে সহায়তা করা। এই প্রোগ্রামগুলি হল স্টেট হোমল্যান্ড সিকিউরিটি প্রোগ্রাম, আরবান এরিয়া সিকিউরিটি ইনিশিয়েটিভ (Urban Area Security Initiative, UASI) এবং অপারেশন স্টোনগার্ডেন (Operation Stonegarden)।

<u>স্টেট হোমল্যান্ড সিকিউরিটি প্রোগ্রাম - 70.6 মিলিয়ন মার্কিন ডলার</u>

স্টেট হোমল্যান্ড সিকিউরিটি প্রোগ্রাম সন্ত্রাসবাদ এবং অন্যান্য দুর্যোগ প্রতিরোধ, তা থেকে সুরক্ষা, সাড়া দান এবং তা থেকে পুনরুদ্ধারের জন্য তহবিল প্রদান করে। ফেডারেল নির্দেশনা অনুসারে, ডিভিসন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস স্থানীয় এখতিয়ারগুলিকে এই তহবিলের 80 শতাংশ প্রদান করে। এর মধ্যে নিম্নে উল্লিখিত পুরস্কারগুলি এবং বাড়তি টার্গেটিকৃত অনুদান অন্তর্ভুক্ত যা সামনের মাসগুলিতে দেওয়া হবে। বাকি 20 শতাংশ তহবিল নিউ ইয়র্ক এর সন্ত্রাসবিরোধী এবং জরুরি প্রস্তুতিতে স্টেট কর্তৃক ব্যবহৃত হয়।
স্টেটজুড়ে নিম্নলিখিত অগ্রাধিকার ক্ষেত্রে সক্ষমতা তৈরিতে সহায়তার জন্য বিনিয়োগ সহায়তার প্রয়োজন ছিলঃ

- ইন্টেলিজেন্স এবং তথ্য-শেয়ারিং ক্ষমতা শক্তিশালী করা
- সাইবার নিরাপত্তা ক্ষমতা বৃদ্ধি করা

- জরুরি হুমকির মোকাবেলা করা
- সফট টার্গেট/জনাকীর্ণ এলাকার নিরাপত্তা বৃদ্ধি করা
- স্বদেশী সহিংস চরমপন্থা মোকাবেলা

নিউ ইয়র্ক স্টেট কনফারেন্স অফ মেয়রসের (New York State Conference of Mayors, NYCOM) নির্বাহী পরিচালক পিটার এ. বেয়ন্স বলেন, "নিউ ইয়র্ক জুড়ে স্থানীয় সরকারগুলির জন্য এই গুরুত্বপূর্ণ স্বদেশ নিরাপত্তা এবং জরুরি প্রস্তুতি তহবিলের ব্যবস্থা করার জন্য তার নিবচ্ছিন্ন প্রচেষ্টার কারণে নিউ ইয়র্কের মেয়রগণ গভর্নর হোকলকে ধন্যবাদ জানান।প্রত্যেক স্থানীয় নেতার শীর্ষ অগ্রাধিকার হল তাদের নাগরিকদের স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণ সুরক্ষা করা এবং এই তহবিল সেই মিশন পূরণে অনেক দূর এগিয়ে যাবে। একটি শক্তিশালী স্থানীয়-স্টেট অংশীদারিত্ব গড়ে তুলতে গভর্নর হোকলের সাথে কাজ করা চালিয়ে যেতে NYCOM উন্মুখ।"

পুরস্কারের পরিমাণ নিম্নে উল্লেখ করা হয়েছেঃ

অনুদান প্রাপক	মোট পুরস্কার
Albany County	$635,474
City of Albany	$301,359
Allegany County	$59,750
Broome County	$311,551
Cattaraugus County	$136,570
Cayuga County	$132,303
Chautauqua County	$170,713
Chemung County	$145,106
Chenango County	$93,892
Clinton County	$128,035
Columbia County	$76,821
Cortland County	$51,215
Delaware County	$85,356
Dutchess County	$574,070
Erie County (City of Buffalo)	$1,734,163
Essex County	$102,428
Franklin County	$59,750
Fulton County	$72,553
Genesee County	$98,160
Greene County	$98,160
Hamilton County	$42,678

Herkimer County	$76,821
Jefferson County	$110,964
Lewis County	$46,946
Livingston County	$128,035
Madison County	$106,696
Monroe County	$513,361
City of Rochester	$450,350
Montgomery County	$102,428
Nassau County	$1,820,278
City of New York	$30,135,400
Niagara County	$563,278
Oneida County	$226,103
Onondaga County	$396,263
City of Syracuse	$254,629
Ontario County	$170,714
Orange County	$924,546
Orleans County	$89,625
Oswego County	$166,445
Otsego County	$93,892
Putnam County	$234,731
Rensselaer County	$336,602
City of Troy	$154,378
Rockland County	$635,907
Saratoga County	$247,535
Schenectady County	$272,829
City of Schenectady	$203,670
Schoharie County	$81,089
Schuyler County	$46,946
Seneca County	$51,215
St. Lawrence County	$157,910
Steuben County	$110,965
Suffolk County	$1,180,103
Sullivan County	$179,249
Tioga County	$59,750
Tompkins County	$98,160
Ulster County	$230,463

Warren County	$68,285
Washington County	$68,285
Wayne County	$145,106
Westchester County	$1,367,888
Wyoming County	$59,750
Yates County	$34,143
মোট	**$47,511,840**

<u>আরবান এরিয়াস সিকিউরিটি ইনিশিয়েটিভ - 178.7 মিলিয়ন মার্কিন ডলার</u>
এই তহবিল নিউ ইয়র্ক সিটির মেট্রোপলিটান এলাকার আরবান এরিয়াস সিকিউরিটি ইনিশিয়েটিভ অনুদানের অধীনে থাকা এখতিয়ারগুলিকে প্রদান করা হয়। এই অঞ্চলগুলি এই অর্থ তাদের গুরুত্বপূর্ণ সন্ত্রাসবিরোধী প্রোগ্রামগুলি বজায় রাখতে এবং সম্প্রসারিত করতে ব্যবহার করবে। ফেডারেল নির্দেশনা অনুসারে, পুরস্কারের 80 শতাংশ অঞ্চলের আরবান এরিয়া ওয়ারকিং গ্রুপ (Urban Area Working Group) এ থাকা অংশীদারদের বরাদ্দ করা হয়, যাতে একটি ঐক্যমত্য-ভিত্তিক প্রক্রিয়া ব্যবহার করা হয় এবং এই তহবিল প্রদানের জন্য ঐক্যমত্য চুক্তি নিম্নে দেওয়া হল।

সন্ত্রাসবাদ সম্পর্কিত কার্যক্রম থেকে সম্ভাব্য হুমকির ক্ষেত্রে সিটির অনন্য অবস্থানের কারণে আরবান এরিয়াস সিকিউরিটি ইনিশিয়েটিভের 2021 অর্থ বছরের স্টেটের অংশ থেকে নিউ ইয়র্ক সিটিকে বাড়তি 18,032,588 মার্কিন ডলার বরাদ্দ করা হবে এবং নিম্নের পুরস্কারগুলির মধ্যে অন্তর্ভুক্ত করা আছে। বাকি তহবিল শহুরে এলাকায় নিউ ইয়র্ক এর সন্ত্রাসবিরোধী এবং জরুরি প্রস্তুতিতে স্টেট কর্তৃক ব্যবহৃত হয়।
পুরস্কারের পরিমাণ নিম্নে উল্লেখ করা হয়েছেঃ

<u>অনুদান প্রাপক</u>	<u>মোট পুরস্কার</u>
Port Authority of New York and New Jersey	$10,662,602
Westchester County	$2,649,658
City of Yonkers	$2,649,658
Suffolk County	$2,649,658
Nassau County	$2,649,658
City of New York	$139,771,354
মোট	**$161,032,588**

<u>অপারেশন স্টোনগার্ডেন অনুদান প্রোগ্রাম- 1.9 মিলিয়ন মার্কিন ডলার</u>
এই অনুদানগুলি যৌথ অপারেশনে সহায়তার মাধ্যমে ফেডারেল, স্টেট, স্থানীয় এবং উপজাতীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর মধ্যে সহযোগিতা বৃদ্ধি এবং সমন্বয় বৃদ্ধির জন্য গুরুত্বপূর্ণ তহবিল প্রদান করে যা উত্তরের সীমান্তে সংঘটিত হয়।

অনুদান প্রাপক	**মোট পুরস্কার**
Cayuga County	$121,500
Chautauqua County	$103,300
Clinton County	$250,000
Erie County	$100,000
Franklin County	$290,000
Jefferson County	$125,000
Monroe County	$100,000
Niagara County	$140,000
Orleans County	$100,000
Oswego County	$100,000
St. Lawrence County	$300,000
St. Regis Mohawk Tribe	$81,900
Wayne County	$111,600
Wyoming County	$63,000
মোট	**$1,986,300**

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে
দ্য নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সন্ত্রাসবাদ এবং অন্যান্য মানবসৃষ্ট এবং প্রাকৃতিক বিপর্যয়, হুমকি, অগ্নিকান্ড ও অন্যান্য জরুরী অবস্থা প্রতিরোধ, এগুলোর বিরুদ্ধে সুরক্ষা, এগুলোর প্রতি সাড়া প্রদান করা, এগুলো থেকে নিয়ন্ত্রণ ফিরে পাওয়ার প্রচেষ্টার জন্য নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করে। আরও তথ্যের জন্য DHSES ফেসবুক পেইজ পরিদর্শন করুন, টুইটারে @NYSDHSES এ বা ইন্সটাগ্রামে অনুসরণ করুন অথবা dhses.ny.gov পরিদর্শন করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418